[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

রাস্তাগুলোর কোথাও হাঁটুপানি ও কাদা, আবার কোথাও তৈরি হয়েছে বড় বড় গর্ত। ফলে গরু-মহিষের গাড়ি ও ট্রাক্টর চলাচল তো দূরের কথা, অনেক জায়গায় পায়ে হেঁটে চলাচলও কষ্টসাধ্য।

কৃষকদের দূর থেকে পায়ে হেঁটে ফসল মাথায় বা কাঁধে করে বাড়িতে নিয়ে আসতে হচ্ছে। এতে ফসল পরিবহনে বাড়তি খরচ গুনতে হচ্ছে তাদের। অন্যদিকে কৃষি উপকরণ মাঠে নিতে না পারায় ব্যাহত হচ্ছে উৎপাদন কার্যক্রম। অনেক সময় যানবাহন চলাচল করতে না পারায় মাঠেই পড়ে থাকছে উৎপাদিত ফসল।

নওপাড়া-নবীনপুর গ্রামের কৃষক আজিজুল হক বলেন, শুধু ফসল পরিবহন নয়, কৃষি উপকরণ বহন করে মাঠে নিয়ে যেতেও সমস্যা হয়। এতে ফসল উৎপাদন ব্যাহত হচ্ছে।

ধলা গ্রামের কৃষক ইদ্রিস আলী বলেন, প্রতিবছর মাঠ থেকে ফসল বাড়িতে আনতে অতিরিক্ত খরচ করতে হচ্ছে। রাস্তার বেহাল দশার কারণে কৃষকদের দুর্ভোগের শেষ নেই।

কালিগাংনী গ্রামের আব্দুল মান্নান, কাথুলি গ্রামের তোফাজ্জেল হোসেন ও ভবেরপাড়া গ্রামের তহিদুল ইসলামসহ ভুক্তভোগীরা জানান, চলাচলের অনুপযোগী এসব রাস্তা পাকাকরণের দাবিতে বছরের পর বছর স্থানীয় জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের কাছে আবেদন জানানো হলেও কোনো সুফল মেলেনি।

স্থানীয় নির্বাচনের সময় রাজনৈতিক নেতারা রাস্তা পাকাকরণের নানা প্রতিশ্রুতি দিলেও পরে কার্যকর কোনো উদ্যোগ নেওয়া হয় না। সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বরাদ্দ কোথায় ব্যয় করা হচ্ছে, তা নিয়েও প্রশ্ন রয়েছে তাদের।

মেহেরপুর এলজিইডি কার্যালয়ের সহকারী প্রকৌশলী আবদুর রহমান বলেন, পাঁচ শতাধিক কাঁচা রাস্তা আপাতত হেরিংবোন বন্ড (এইচবিবি) করা হলে স্থানীয়দের দুর্ভোগ অনেকটাই কমবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ করা হচ্ছে। বরাদ্দ পাওয়া গেলে পর্যায়ক্রমে এসব রাস্তা পাকাকরণের উদ্যোগ নেওয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুর রহমান বলেন, মেহেরপুর জেলার সবচেয়ে বড় ও বিস্তীর্ণ ফসলের মাঠ ধলা, নবীনপুর ও মাইলমারী। এসব এলাকায় যতগুলো মাটির রাস্তা রয়েছে, আগামীতে সরকারি বিভিন্ন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বরাদ্দ পাওয়া গেলে সেগুলো এইচবিবি

করার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।

মেহেরপুর জেলা প্রশাসক শিল্পী রানী রায় বলেন, মেহেরপুর একটি কৃষিনির্ভর জেলা। কৃষকদের সুবিধার কথা বিবেচনা করে মাঠে যাতায়াত এবং স্থানীয়দের চলাচলের জন্য মাটির রাস্তাগুলো পাকাকরণের উদ্যোগ নেওয়া হবে।